দৈনিক ইত্তেফাক

তারিখ 04 OCT 1993
পৃষ্ঠা 2 কলাম 7

105

## মাধ্যমিক স্কুলে শিক্ষক নিয়োগ

গত ১৩-৯-৯৩ তারিখে সরকারী মাধ্যমিক স্কুলসমূহে শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হইয়াছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রচারিত উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিতে শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে যাহা উল্লেখ করা হইয়াছে তাহা খুবই দুঃখজনক। যেখানে দেশে কারিগরি ও পেশাগত শিক্ষায় শিক্ষিত অসংখ্য স্নাতক ডিগ্রীধারী বেকার রহিয়াছে এবং তাহারা শিক্ষকতাকে পেশা হিসাবে গ্রহণ করিলে ভাল পাঠদানে সক্ষম হইবে তাহাদের উক্ত নিয়োগ প্রক্রিয়ার বাহিরে রাখা হইয়াছে। ইহা শুধু দুঃখজনকই নহে দুর্ভাগ্যজনকও বটে। শিক্ষকরা মানুষ গড়ার কারিগর। তাই মেধাবী ছাত্রদের শিক্ষকতার পেশায় আকৃষ্ট করা প্রয়োজন। অথচ উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি দিয়া মেধাবী ছাত্রদের শিক্ষকতার পেশায় আসার পথে অন্তরায় সৃষ্টি করা হইয়াছে। এই পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিয়া বলিতেছি, যাহাদের অন্ততঃ একটি প্রথম বিভাগ রহিয়াছে এবং কোন তৃতীয় বিভাগ নাই এমন সকল স্নাতক ডিগ্রীধারীকে আবেদন করার সুযোগ প্রদান করা হউক। এ ক্ষেত্রে চাকুরীতে যোগদানের ৫ বৎসরের মধ্যে শিক্ষা বিষয়ক ডিগ্রী/ডিপ্লোমা সম্পন্ন করার শর্ত আরোপ করা যাইতে পারে।

—মোঃ শামীম সরকার, ওয়াপদা রোড, পঃ রামপুরা, ঢাকা।

D STATISTICS

3. SYSTEM

SHEET — OF — SHEETS